# আন্দোলন-সংগ্রামের অংশগ্রহণকারীরাই অগ্রাধিকার পাবেন: রিজভী



প্রধানমন্ত্রীর উপদেষ্টা রুহুল কবির রিজভী আহমেদ। ছবি: সংগৃহীত

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, আন্দোলন ও রাজনৈতিক সংগ্রামে সক্রিয় ভূমিকা রাখা, সংসদে কথা বলার সক্ষমতা এবং সমাজে সুনাম আছে—এমন ব্যক্তিদেরই সংরক্ষিত নারী আসনে মনোনয়নে অগ্রাধিকার দেওয়া হবে বলে দল প্রত্যাশা করছে।

শনিবার নয়াপল্টনে দলের কেন্দ্রীয় কার্যালয়ে তিনি জানান, সংরক্ষিত নারী আসনের মনোনয়ন ফরম বিতরণ ও জমা কার্যক্রম চলছে। শুক্রবার প্রায় পাঁচ শতাধিক ফরম বিক্রি হয়েছে। শনিবার থেকে রোববার পর্যন্ত এ কার্যক্রম চলবে।

তিনি বলেন, আবেদনগুলো যাচাই-বাছাই করে সিনিয়র নেতাদের সমন্বয়ে গঠিত বোর্ডে উপস্থাপন করা হবে। প্রক্রিয়া কীভাবে সম্পন্ন হবে, তা শিগগিরই জানানো হবে।

রিজভী আরও বলেন, দীর্ঘ ১৬–১৭ বছরের আন্দোলন-সংগ্রামের পর একটি গণতান্ত্রিক পরিবেশ তৈরি হয়েছে, যা কাজে লাগাতে হবে। সংসদসহ সব জনপ্রতিনিধিত্বমূলক প্রতিষ্ঠানে জবাবদিহিতা ও গণতান্ত্রিক চর্চা নিশ্চিত হওয়া জরুরি।

LENS ASIA

তিনি উল্লেখ করেন, অতীতে আন্দোলনের সময় নারীরা ব্যাপক দমন-পীড়নের শিকার হয়েছেন। তাই যারা আন্দোলনে ভূমিকা রেখেছেন এবং যোগ্যতা রাখেন, তাদেরই মনোনয়ন দেওয়ার বিষয়ে দল আশাবাদী।